

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪৭৬

৪৫/ দু'আসমূহ (ﷺ বাা کتاب الدعوات عن رسول الله

পরিচ্ছেদঃ ৬৫. (দু'আ করার আগে আল্লাহ তা'আলার প্রশংসা ও রাসূলের প্রতি দর্মদ পাঠ করবে)

باب

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا رِشْدِينُ بْنُ سَعْد، عَنْ أَبِي هَانِئِ الْخَوْلاَنِيّ، عَنْ أَبِي عَلِيّ الْجَنْبِيّ، عَنْ أَبِي عَلِي الْجَنْبِيّ، عَنْ أَبِي عَلِي الْجَنْبِيّ، عَنْ فَصَلَّى فَضَالَةَ بْنِ عُبَيْد، قَالَ بَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قاعِدًا إِذْ دَخَلَ رَجُلٌ فَصَلَّى فَقَالَ اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي . فَقَالَ رَسُولُ اللَّهَ صلى الله عليه وسلم " عَجِلْتَ أَيُّهَا الْمُصَلِّي إِذَا صَلَّيْتَ فَقَعَدْتَ فَاحْمَدِ اللَّه بِمَا هُو أَهْلُهُ وَصَلِّ عَلَى ّ ثُمَّ ادْعُهُ " . قَالَ ثُمَّ مَلَلًى رَجُلٌ آخَرُ بَعْدَ ذَلِكَ فَحَمِدَ اللَّهَ وَصَلَّى عَلَى النّبِيّ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ النَّبِيِّ صلى الله عليه وسلم " أَيُّهَا الْمُصَلِّي ادْعُ تُجَبْ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ رَوَاهُ حَيْوةُ بْنُ شُرَيْحٍ عَنْ أَبِي هَانِئٍ الْخَوْلاَنِيّ وَأَبُو هَانِئٍ اسْمُهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو عَلَى النّبِيّ اسْمُهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو عَلَى الْبَعْ عِلْمَ الْمُصَلِّي وَأَبُو هَانِئٍ اسْمُهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو هَانِئٍ السَّمُهُ حُمَيْدُ بْنُ هَالِكَ .

বাংলা

৩৪৭৬। ফাযালাহ্ ইবনু উবাইদ (রাযিঃ) হতে বর্ণিত আছে। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম (মসজিদে) বসা অবস্থায় ছিলেন। সে সময় জনৈক লোক মসজিদে প্রবেশ করে নামায আদায় করল, তারপর বলল, "হে আল্লাহ! আমাকে ক্ষমা করে দাও এবং আমার প্রতি দয়া কর"। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে নামায়ী! তুমি তো তড়িঘড়ি করলে। যখন তুমি নামায শেষ করে বসবে সে সময় শুরুতে আল্লাহ তা'আলার যথোপযুক্ত প্রশংসা করবে এবং আমার উপর দর্মদ ও সালাম প্রেরণ করবে, তারপর আল্লাহ তা'আলার নিকটে দু'আ করবে।

বর্ণনাকারী বলেন, এরপর অপর লোক এসে নামায আদায় করে প্রথমে আল্লাহ তা'আলার প্রশংসা করল, তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর দরদ ও সালাম পেশ করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ হে নামাযী! এবার দুআ কর কবুল করা হবে।

সহীহঃ সিফাতুস সালাত, সহীহ আবূ দাউদ (হাঃ ১৩৩১)।



আবূ ঈসা বলেন, হাদীসটি হাসান। এ হাদীস হাইওয়াহ ইবনু শুরাইহ আবূ হানী আল-খাওলানী হতে বর্ণনা করেছেন। আবৃ হানীর নাম হুমাইদ, ইবনু হানী এবং আবৃ আলী আল-জান্বীর নাম আমর ইবনু মালিক।

English

Fadalah bin `Ubaid narrated:

"While the Messenger of Allah (*) was seated, a man entered and performed Salat, and he said: 'O Allah, forgive me, and have mercy upon me.' The Messenger of Allah (*) said: 'You have rushed, O praying person. When you perform Salat and then sit, then praise Allah with what He is deserving of, and send Salat upon me, then call upon Him.'" He said: "Then another man performed Salat after that, so he praised Allah and sent Salat upon the Prophet (*). The Prophet (*) said to him: 'O praying person! Supplicate, and you shall be answered."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন